

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
(সাধারণ শাখা)  
www.sirajganj.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : গনপতি রায়  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিরাজগঞ্জ  
সভার তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৪  
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা  
স্থান : শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংযোজনী-৭ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে ত্রৈমাসিক ভিত্তিতে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন উপজেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করার সিদ্ধান্ত আছে। সভায় কমিটির কার্যপরিধি অনুযায়ী কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও আওতাধীন অফিসের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন এবং হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর কর্মপরিকল্পনা নিয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং ও আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার অংশ হিসেবে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি ১ম ত্রৈমাসিক এর জন্য পুনর্গঠন করা হয়েছে। এ কার্যালয়ের ২৯/০৯/২০২৪ তারিখে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ৩০/০৯/২০২৪ তারিখে সিরাজগঞ্জ জেলা ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। উপজেলা সমূহের ওয়েব সাইট যাচাই করে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠনপূর্বক আপলোড করা হয়েছে মর্মে দেখা যায়। সভাপতি কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য এ কার্যালয়ে এবং প্রতিটি উপজেলায় কমিটি পুনর্গঠন, সভা আহ্বান ও গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।	১. এ কার্যালয়ের গঠিত কমিটির পত্রটি জেলা ওয়েব পোর্টালের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করতে হবে। ২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়েসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন পূর্বক ওয়েব সাইটে সেবাবক্স তৈরী করে আপলোড করতে হবে। ৩. এ কার্যালয় এবং আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সভা আয়োজন করতে হবে। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিরাজগঞ্জ ২. সহকারী কমিশনার আইসিটি শাখা/সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
২. ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	সদস্য সচিব জানান, নির্ধারিত ফরম্যাটে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করে ওয়েব সাইটে আপলোড করতে হবে। এ কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরম্যাটে হালনাগাদ করে পুনরায় আপলোডের কথা বলা হয়। সদস্যসচিব জানান, আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব সাইট পরিবীক্ষণ করা হয়েছে। কামারখন্দ, রায়গঞ্জ, শাহজাদপুর, তাড়াশ, উল্লাপাড়া, চৌহালী, বেলকুচি, সিরাজগঞ্জ সদর এবং কাজিপুর উপজেলার ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি তৈমাসিক ভিত্তিক হালনাগাদ করা নেই।	১. এ কার্যালয়ের সিটিজেন চার্টারটি হালনাগাদ করে সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যেই জেলা ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়েসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরম্যাটে ৮ কলামে বিভক্ত করে প্রস্তুত ও হালনাগাদ করে ওয়েব সাইটের নির্ধারিত সেবাবক্সে আপলোড করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিরাজগঞ্জ ২. সহকারী কমিশনার আইসিটি শাখা/সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

ক্রঃ নং ও আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	এ কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার/অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার/ অবহিতকরণ সভা এখনও আয়োজন করা হয়নি।	সহকারী কমিশনার সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

সভায় আর কোন আলোচনানা থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(গনপতি রায়)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

সিরাজগঞ্জ

ফোন: ০২৫৮৮৮৩০৫৮০

ই-মেইল: adcgenaralsiraj@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮০০.০০৭.১৭.০৪৯.২৪-২৫৯

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... সিরাজগঞ্জ।

৬। সহকারী কমিশনার, সাধারণ/জেএম/ব্যবসা বাণিজ্য/শিক্ষা ও কল্যাণ/আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।